দৈনিক
জনকণ্ঠ

তারিখ 13 AUG 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ২৫ হাজার স্কুলে মাদকবিরোধী কমিটি গঠন

মাদক সেবন থেকে শিক্ষার্থীদের দূরে রাখতে সরকারী উদ্যোগের অংশ হিসেবে সারাদেশে প্রায় ২৫ হাজার ৬০৫টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কমিটি গঠন করা হয়েছে। বাকি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ বছরের শেষনাগাদই কমিটি গঠন সম্পন্ন হবে। খবর বাসসর।

মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের উপ-পরিচালক রবিউল ইসলাম শনিবার জানান, মাদকের ভয়াবহতা সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে গড়ে তুলতে স্কুল কলেজ ও মদ্রাসার মতো শিক্ষা প্রতিষ্ঠানে গত জুন মাস পর্যন্ত ২৫,৬০৫টি মাদক বিরোধী কমিটি গঠন করা হয়েছে। সারাদেশে ৩২,০৫৭টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ইতোমধ্যেই ২৫,৬০৫টিতে কমিটি গঠন করা হয়েছে।

ডিএনসি মাদকের অপব্যবহার সম্পর্কে সার্বিক ধারণা দিতে এবং কমিটি কার্যকর করতে আমরা কমিটির আহ্বায়ক অথবা সদস্য সচিবকে প্রশিক্ষণ প্রদান করছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| প্রিন্স. পরিসংখ্যান বিভাগ | |
| প্রিন্স. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রোগ্রামিং কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর